


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং-৪১.০১.১৯৭২.০০০.০২.০৩৫.১৯-১৩১

তারিখ- ১৮এপ্রিল' ২০২২ খ্রিঃ

নোটিশ

এতদ্বারা লাকসাম উপজেলায় মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০এপ্রিল'২০২২ খ্রিঃ সকাল ১১:০০ ঘটিকার সময় লাকসাম উপজেলায় মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা উপজেলা পরিষদ মিলন আয়তন, লাকসাম, কুমিল্লা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথা সময়ে ও তারিখে আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(উপন্যাস চন্দ্র দাস)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
লাকসাম উপজেলায় মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা।

জনাব,-----

সদস্য

লাকসাম উপজেলায় মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি
লাকসাম, কুমিল্লা

সভা নং -১৭

অদ্য ২০এপ্রিল'২০২২ খ্রিঃ সকাল ১১:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ মিলনায়তন, লাকসাম এ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা এর সভাপতিত্বে উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

সভার আলোচ্য বিষয় :-

- ১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ সম্পর্কে আলোচনা।
- ৩। বিবিধ।

উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর

- ১। জনাব পড়শী সাহা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা- (সভাপতি)- স্বাক্ষর অস্পষ্ট
- ২। জনাব আবুল হোসেন ননী, কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, লাকসাম, কুমিল্লা, (সম্মানিত সদস্য)- স্বাক্ষর অস্পষ্ট
- ৩। জনাব হারুন অর রশিদ, চেয়ারম্যান, উত্তরদা, ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা (সম্মানিত সদস্য)- স্বাক্ষর অস্পষ্ট
- ৪। জনাব মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, কান্দিরপাড় ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা (সম্মানিত সদস্য)- স্বাক্ষর অস্পষ্ট
- ৫। জনাব উপন্যাস চন্দ্র দাস, উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লা। (সদস্য সচিব)- স্বাক্ষর অস্পষ্ট

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সদস্য সচিব বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনালে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

০২ নং আলোচ্য বিষয় সম্পর্কে সদস্য সচিব বলেন যে, আমাদের দেশে পালিত সকল জাতীয় ও আন্তর্জাতিক দিবস শুভোতে বীর মুক্তিযোদ্ধাদেরও অংশ গ্রহন করা প্রয়োজন। সে মোতাবেক অত্র উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিটি দিবস উদযাপনের সময় বীর মুক্তিযোদ্ধাদের অংশ গ্রহণ থাকলে অংশগ্রহণকারীরা মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সম্পর্কে ধারণা পাবে এবং প্রতিটি দিবসই সাফল্য মন্ডিত হবে।

সভায় সদস্য সচিব সকল মুক্তিযোদ্ধাদের এ বিষয়টি গুরুত্ব সহকারে দেখার অনুরোধ জানান। সভায় উক্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে লাকসামে পালিত সকল জাতীয় ও আন্তর্জাতিক দিবস শুভোতে বীর মুক্তিযোদ্ধাদেরও অংশ গ্রহন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অদ্যকার সভার অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।



(পড়শী সাহা)
সভাপতি





উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটির উপস্থিতির হাজিরা সীট

ক্র.নং	নাম	পদবী	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব পড়শী সাহা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।	সভাপতি		
০২	জনাব মোঃ ইমাম হোসেন চেয়ারম্যান, উত্তরদা ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।	সদস্য		
০৩	জনাব আবুল হোসেন ননী বীর মুক্তিযোদ্ধা, লাকসাম, কুমিল্লা।	সদস্য		
০৪	জনাব মোঃ ওমর ফারুক চেয়ারম্যান, কান্দিরপাড় ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।	সদস্য		
০৫	উপজেলা সমাজসেবা অফিসার লাকসাম, কুমিল্লা।	সদস্য সচিব	